AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 24-11-2026 Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যের সমস্ত সিনেমা হলে প্রাইম টাইম- এ অন্তত একটি বাংলা ছবির প্রদর্শন নিশ্চিত করতে হবে।

২) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কমাতে বেশকিছু পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার ।

৩) বেসরকারি বাসভাড়া বৃদ্ধির বিষয়ে বাস মালিক সংগঠনগুলির আবেদন খতিয়ে দেখতে রাজ্য সরকার সমীক্ষা শুরু করেছে।

৪) যথোচিত ধর্মীয় মর্যাদায় কার্তিক পূর্ণিমা তিথিতে আজ পালিত হচ্ছে রাস উৎসব। নদীয়ার নবদ্বীপ, শান্তিপুর এবং কোচবিহারে ভীড় জমিয়েছেন দর্শনার্থীরা।

চিরাচরিত উৎসাহ-উদ্দীপনায় আজ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৭-তম প্রকাশ পরব উদযাপিত হচ্ছে।

৫) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে- কালার রেস্টোরেশনের পর ৫৭-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব IFFI-তে দেখা হচ্ছে গৌতম ঘোষ পরিচালিত বাংলা ছবি ‘পদ্মা নদীর মাঝি’।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে AFC চ্যাম্পিয়ান্স লিগ- টু-র ফিরতি ম্যাচে জর্ডনের আল হুসেইন ক্লাবের মুখোমুখি হয়েছে ইস্টবেঙ্গল।

oooooooooooooooooo

রাজ্যের সমস্ত সিনেমা হলে প্রাইম টাইম অর্থাৎ বিকেল তিনটে থেকে রাত নটার মধ্যে অন্তত একটি বাংলা ছবির প্রদর্শন নিশ্চিত করতে হবে । নবান্নে আজ চলচ্চিত্র জগতের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, অন্য ভাষার ছবি প্রদর্শনে কোনও বাধা নেই, তবে বাংলা ছবির জন্য নির্দিষ্ট প্রাইম টাইম শো নিশ্চিত করতেই হবে। সম্প্রতি 'সাধক বামাক্ষ্যাপা' ছবির শো কমিয়ে দেওয়া এবং পরে প্রেক্ষাগৃহ থেকে সরিয়ে নেওয়া নিয়ে যে বিতর্ক তৈরি হয়েছে, বৈঠকে সেই প্রসঙ্গেই অসন্তোষ ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী। কার নির্দেশে ছবিটির প্রদর্শন বন্ধ করা হয়েছে, তা জানতে চেয়ে অবিলম্বে শো পুনরায় চালুর নির্দেশও দেন তিনি।

বৈঠক শেষে বিধায়ক তথা অভিনেতা রুদ্রনীল ঘোষ জানিয়েছেন আজকের স্থির হওয়া নিয়ম না মানলে সংশ্লিষ্ট হল মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে এবং প্রয়োজনে লাইসেন্সও বাতিল করা হতে পারে। বাংলা চলচ্চিত্র জগতের সমস্যাগুলো খতিয়ে দেখতে প্রবীণ অভিনেতা মিঠুন চক্রবর্তী এবং প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

(বাইট – রুদ্রনীল)

এদিকে, রাজ্য সরকার প্রাথমিকভাবে ৫১টি নতুন সিনেমা হল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে।। পাশাপাশি রাজ্যের ৭০-টিরও বেশি অডিটোরিয়াম বা সেমিনার হলকে সংস্কার করে সিনেমা প্রদর্শনের উপযোগী করে তোলা হবে বলেও বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

oooooooooooooooooo

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কমানোর জন্য বেশ কিছু পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বাজারে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি নিয়ে বৈঠকে বসেন। নবান্ন সভাঘরে আয়োজিত এই বৈঠকে কৃষি বিপনন সহ সংশ্লিষ্ট সব দপ্তরের সচিব এবং ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠকে মুখ্যমন্ত্রী সরষের তেল এবং চিনির দাম বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। আপাতত বাজার দর নিয়ন্ত্রণে ব্যবসায়ীদের সঙ্গে প্রতি সোমবার দপ্তরের আধিকারিকদের বৈঠকে বসার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, সরকার ব্যবসায়ীদের সব ধরনের সাহায্য করলেও তারা বাজার দর নিয়ন্ত্রণে কোন

সহযোগিতা করছেন না। বাজারে আলু সহ শাকসবজি প্রতিটি জিনিসের দাম নিয়ন্ত্রণে আনার জন্য ব্যবসায়ী সংগঠনগুলিকেও সচেষ্ট হওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooo

বেসরকারি বাসভাড়া বৃদ্ধির বিষয়ে বাস মালিক সংগঠনগুলির আবেদন খতিয়ে দেখতে রাজ্য সরকার সমীক্ষা শুরু করেছে। সেই রিপোর্ট পাওয়ার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে আলোচনা করেই এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে পরিবহণমন্ত্রী অর্জুন সিং জানিয়েছেন।

তিনি বলেন, বেসরকারী বাস মালিক সংগঠন ডিজেলের দাম, চালক-কর্মীদের বেতন এবং যন্ত্রাংশের মূল্যবৃদ্ধির বিষয়টি বিবেচনায় রেখেই একটি সমীক্ষা চালানো হচ্ছে। সেই রিপোর্টের ভিত্তিতেই সিদ্ধান্ত নেওয়া হবে।

(বাইট – অর্জুন সিং)

পরিবহণমন্ত্রী বলেন, আগের সরকার পরিবহণ দপ্তরকে দুর্নীতির আখড়ায় পরিণত করে সরকারী আয়ের পরিবর্তে ব্যক্তিগত লাভের দিকেই গুরুত্ব দিয়েছিল। এর জেরে বহু বছর ধরে পরিবহণ দপ্তরের প্রায় ১,৯০০ কোটি টাকার রাজস্ব বকেয়া পড়ে রয়েছে । ট্যাক্স নবীকরণ, ফিটনেস সার্টিফিকেট, জরিমানা এবং বিভিন্ন ফি আদায়ে ব্যাপক অনিয়ম হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। এই পরিস্থিতিতে বকেয়া আদায়ে ওয়ান টাইম ওয়েভার স্কিম চালু করা হচ্ছে । এই প্রকল্পের অধীনে বকেয়া কর জমা দেওয়ার জন্য আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত বিশেষ ছাড়ের সুযোগ থাকবে।

oooooooooooooooo

নদিয়ার মায়াপুর থেকে বালুরঘাট ও শিলিগুড়ি পর্যন্ত চালু হল দুটি সরকারি বাস পরিষেবা। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের উদ্যোগে আজ সকালে এই পরিষেবার উদ্বোধন করেন NBSTC-র বহরমপুর ডিভিশনাল হেড দিব্যেন্দু আচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমষ্টি উন্নয়ন আধিকারিক সুপ্রিয় ভট্টাচার্য, ইসকনের কো ডিরেক্টর হৃদয় চৈতন্য প্রভু। প্রতিদিন সকাল ৬টায় শিলিগুড়ি এবং ৮টায় বালুরঘাটের উদ্দেশে বাস ছাড়বে। ভাড়া যথাক্রমে ৩৭৮ ও ২৬৫ টাকা। সরকারি নিয়মে মহিলাদের ভাড়া লাগবে না। আগামী দিনে এসি বাস চালুর আশ্বাসও দেন কর্তৃপক্ষ ।

oooooooooooooooooo

অনলাইন কাউন্সেলিং প্রক্রিয়া ছাড়া সরকারী মেডিকেল কলেজগুলিতে কিভাবে ডোনার বা ট্রাস্ট এবং সেন্ট্রাল কোটায় ভর্তি নেওয়া হচ্ছে, তা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট। এ ব্যাপারে অভিযোগ তুলে অনলাইন পোর্টালের বাইরে সমস্ত ভর্তি প্রক্রিয়া বন্ধ করার দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জমা দেন ২০২৬ সালে সর্ব ভারতীয় নিট ইউজি উত্তীর্ণ এক প্রার্থী। MBBS-এর পাশপাশি BDS-এর ভর্তি প্রক্রিয়াও বন্ধ রাখার আর্জি জানিয়েছেন তিনি। অভিযোগ, গত ১১-ই আগস্ট কাউন্সেলিং কমিটি অফলাইনে আসন বন্টনের অনুমতি দেওয়ার পর মেডিকেলে ভর্তির ক্ষেত্রে আর্থিক লেনদেন হয়েছে।

বিচারপতি অমৃতা সিনহা, ওয়েস্টবেঙ্গল মেডিকেল কাউন্সেলিং কমিটির কাছে রিপোর্ট তলব করেছেন। ন্যাশনাল মেডিকেল কমিশনের পাশাপাশি ওই কমিটিকেও চৌঠা ডিসেম্বর তাদের অবস্থান স্পষ্ট করে রিপোর্ট জমা দিতে হবে।

oooooooooooooooooo

নীতি, আদর্শ ও লক্ষ্য স্থির রেখে জীবনে এগিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন রাজ্যপাল আর এন রবি। দার্জিলিং-এর নক্সালবাড়ি সারদা বিদ্যামন্দির হাইস্কুলে এক অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্যপাল আজ শিক্ষার্থীদের সঙ্গে নিজের শৈশবের নানা অভিজ্ঞতা ভাগ করে নেন। বিকশিত ভারত গড়ার লক্ষে নিজেদের প্রস্তুত করার জন্যেও পড়ুয়াদের প্রতি আহ্বান জানান রাজ্যপাল।

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের আলোচনা মাওবাদ অবসান ও পুনর্বাসনের দ্বিতীয় তথা শেষ পর্ব। প্রাক্তন পুলিশ কর্তা অরিন্দম আচার্য্যর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন এই স্থানীয় সংবাদের ঠিক পরেই। গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooo

আজ রাসযাত্রা। কার্তিক পূর্ণিমা তিথিতে রাস উৎসব পালিত হচ্ছে। এই উপলক্ষে নদীয়ার নবদ্বীপ, মায়াপুর, শান্তিপুরে এই মুহূর্তে জনজোয়ার। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অনুপম)

কোচবিহারে ঐতিহ্যবাহী শ্রী শ্রী মদনমোহন দেবের রাস উৎসবের আজ শুভ সূচনা হবে। বৈদিক মন্ত্র উচ্চারণের পর পবিত্র রাস চক্র ঘুরিয়ে উৎসবের সূচনা করবেন কোচবিহার দেবত্র ট্রাস্টবোর্ডের সভাপতি তথা জেলাশাসক জিতিন যাদব। রাস উৎসবকে কেন্দ্র করে সাজিয়ে তোলা হয়েছে মদনমোহন মন্দির চত্বর। জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা।

আগামীকাল রাসমেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আগামী ১৫ দিন এই মেলা চলবে।

অন্যদিকে, চিরাচরিত উৎসাহ-উদ্দীপনায় আজ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৭-তম প্রকাশ পরব উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে বিভিন্ন গুরুদুয়ারায় সকাল থেকেই চলেছে বিশেষ প্রার্থনা। আয়োজন করা হয়েছে লঙ্গরের।

oooooooooooooooo

আধুনিক প্রযুক্তি ব্যবহার করে, বাংলা ছবি ‘পদ্মা নদীর মাঝি’-কে, নতুনভাবে দর্শকদের সামনে তুলে ধরায়, বিশিষ্ট পরিচালক গৌতম ঘোষ, উচ্ছ্বাস প্রকাশ করেছেন। গোয়ায় আয়োজিত ৫৭-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব- ইফিতে, তাঁরই পরিচালিত এই সিনেমাটির ‘ফোর-কে’ রেস্টোরড্ ভার্সান দেখানো হচ্ছে। উৎসব প্রাঙ্গণেই আকাশবাণীর সঙ্গে একান্ত সাক্ষাৎকারে শ্রী ঘোষ বলেন, নতুন সংস্করণের জন্য কালার কারেকসানের কাজ, তিনি নিজে তদারকি করেছেন। বড় পর্দায় ছবিটি দেখার জন্য আগ্রহী বলেও তিনি জানান। ছবিটির পুনরুদ্ধার এবং দেশের চলচ্চিত্র ঐতিহ্য সংরক্ষণে, ‘ন্যাশনাল ফিল্ম ডেভলপমেন্ট কর্পোরেশন’-NFDC এবং ‘ন্যাশনাল ফিল্ম আর্কাইভ অফ ইন্ডিয়া’- NFAI, বিশেষ ভূমিকা নেওয়ায় শ্রী ঘোষ ধন্যবাদ জ্ঞাপন করেন। গৌতম ঘোষ বলেন, সিনেমায় ভারতীয় সংস্কৃতির ধারা অক্ষুণ্ণ রাখতে সরকার বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে, যা অত্যন্ত সন্তোষজনক।

(বাইট- গৌতম/ IFFI)

oooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার কুলতলি থেকে পুলিশ বাংলাদেশী সন্দেহে পাঁচজনকে আটক করেছে। এদের মধ্যে এনামূল মোল্লা নামে এক ব্যক্তি ৪০ বছরের বেশি সময় ধরে গরাণকাঠি এলাকায় বাস করছিল। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গোপালগঞ্জের বিভিন্ন এলাকা থেকে এই পাঁচজনকে আটক করা হয়। পরিচয় ও নথি যাচাই-এর পর তাদের পুলিশী পর্যবেক্ষণে রাখা হয়েছে।

oooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ইস্টবেঙ্গল, এএফসি চ্যাম্পিয়নস লিগ টু-র গ্রুপ - ডি র ফিরতি ম্যাচে জর্ডনের ক্লাব আল হুসেইনের মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে

চার দলের গ্রুপে দ্বিতীয় স্থানে থাকা আল হুসেইনের চার ম্যাচে পয়েন্ট চার। সমসংখ্যক ম্যাচে ইস্টবেঙ্গলের দুই পয়েন্ট নিয়ে সবার শেষে রয়েছে ইস্টবেঙ্গল। জর্ডনে প্রথম পর্বে দুই দলের ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছিল।

oooooooooooooooooo

মুম্বইয়ের এম সি এ ক্রিকেট গ্রাউন্ডে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি - ২০ ক্রিকেটের ম্যাচে বাংলা ৯৩ রানে উত্তর প্রদেশকে হারিয়ে দিয়েছে। খারাপ আবহাওয়ার জন্য ম্যাচ ১৫ ওভারের হয়। উত্তর প্রদেশ টসে জিতে বাংলাকে ব্যাট করতে পাঠায়। বাংলা ১৫ ওভারে ৩ উইকেট হারিয়ে ২০১ রান তোলে।

জবাবে ব্যাট করতে নেমে উত্তর প্রদেশ ১৫ ওভারে ৭ উইকেট হারিয়ে ১০৮ রান তুলতে সমর্থ হয়।

বাংলা ৬ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে এলিট গ্রুপ-এর দ্বিতীয় স্থানে রয়েছে। বৃহস্পতিবার মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে বাংলা গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচে রাজস্থানের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooo

oooooooooooooooooo